গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,নীলফামারী
(স্থানীয় সরকার শাখা)
www.nilphamari.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৭.৭৩০০.০১১.০৩.০৬০.২৩- ১৪৪

তারিখ : ০৭ শ্রাবণ ১৪৩৩ / ২২ জুলাই ২০২৬

স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখা এর ০৯ জুন ২০২৬ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০১৫.২৬.১৫৩০ নম্বর স্মারকের ছাড়পত্র মোতাবেক নীলফামারী জেলাধীন ইউনিয়ন পরিষদসমূহের জন্য নিম্নবর্ণিত শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ এবং একই পদের প্যানেল প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তসাপেক্ষে নীলফামারী জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত আবেদন ফরমে **স্বহস্তে** লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | ইউনিয়ন পরিষদ “প্রশাসনিক কর্মকর্তা” | ০৭ টি | ১০,২০০-২৪,৬৮০/-(জাতীয় বেতন স্কেল ২০১৫ ও তৎসহ বিধি মোতাবেক ভাতাদি) গ্রেড-১৪ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী। |

শর্তাবলী:

১। জেলা প্রশাসক, নীলফামারীকে সম্বোধন করে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং আগামী ৩১/০৮/২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারীতে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও নীলফামারী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বিবাহিত মহিলা প্রার্থীর ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৩। নির্ধারিত আবেদন ফরম ও প্রবেশপত্রের নমুনা জেলা প্রশাসনের ওয়েব সাইট, www.nilphamari.gov.bd জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারীর স্থানীয় সরকার শাখা ও সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে পাওয়া যাবে।

৪। প্রার্থীর বয়স ৩১/০৮/২০২৬ তারিখে ১৮ বছর হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স নিরুপণের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য নয়।

৫। আবেদনপত্রে (ক) প্রার্থীর পূর্ণ নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) অভিজ্ঞতা (যদি থাকে) (ট) কোটার নাম এবং (ঠ) শিক্ষাগত যোগ্যতার বিবরণসমূহ **স্বহস্তে** পূরণ করতে হবে।

৬। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবে।

ক) আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৫×৫ সে.মি. আকারের ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা/সাময়িক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, প্রশাসক/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের ০১কপি করে সংযুক্ত করতে হবে।

খ) জেলা প্রশাসক, নীলফামারী’র অনুকূলে সোনালী ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে **১০০/-** (একশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য)এর মূলকপি সংযুক্ত করতে হবে।

গ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনকারীর নাম, ঠিকানা সম্বলিত ১০.৫×৪.৫ সাইজের (১০/-টাকা মূল্যের অব্যবহৃত ডাক টিকিটসহ) একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) লিখিত পরীক্ষার প্রবেশ পত্রের নমুনার কপি নীলফামারী জেলা প্রশাসনের ওয়েবসাইট (www.nilphamari.gov.bd) হতে ডাউনলোড করে সংযুক্তির স্থানে এক কপি পাসপোর্ট সাইজ ছবি সংযুক্ত করে প্রার্থীর নাম ও ঠিকানার কলাম **স্বহস্তে** পূরণ করে ০১ (এক) কপি প্রবেশপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭। বয়স ও কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ সরকারি নীতিমালা/পরিপত্র/গেজেট অনুসরণ করা হবে।

৮। **যে সকল আবেদনকারী ২৫ অক্টোবর ২০২৩ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি নং-০৫.৪৭.৭৩০০.০১১.০৩.০৬০.২৩-৫২০ নম্বর স্মারকের বিপরীতে আবেদন করেছেন, তাদের পূর্বের আবেদন বহাল রয়েছে বিধায় সংশ্লিষ্ট পদের বিপরীতে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

৯। চাকরিরত প্রার্থীর ক্ষেত্রে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

১০। খামের উপরে স্পষ্টাক্ষরে আবেদনকারীর নাম, ঠিকানা, পদের নাম ও কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) লিখতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১১। আবেদনকারী কোন তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। নিয়োগপত্র স্বাক্ষরের তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য অপেক্ষমান প্যানেল কার্যকর থাকবে।

১৩। যেকোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৪। মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল সনদ/কাগজপত্রের মূলকপি প্রদর্শন করেত হবে।

১৫। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬। নিয়োগ প্রাপ্তদের মোতাবেক বেতন ভাতার ৭৫% সরকারি অংশ হতে এবং ২৫% ইউনিয়ন পরিষদের নিজস্ব আয় থেকে নির্বাহ করা হবে।

১৭। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ পদের সংখ্যা কম/বেশী করাসহ নিয়োগ সংক্রান্ত শর্তাবলীর যে কোন শর্ত পরিবর্তন, সংশোধন বা নিয়োগ প্রক্রিয়া স্থগিত বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


মোহাম্মদ নায়িরুজ্জামান
জেলা প্রশাসক
নীলফামারী
ফোনঃ ০২৫৮৯৯৫৫৩০০
dcnilphanari@mopa.gov.bd


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,নীলফামারী
(স্থানীয় সরকার শাখা)
www.nilphamari.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৭.৭৩০০.০১১.০৩.০৬০.২৩- ১৪৪(২০০)

তারিখ : ০৭ শ্রাবণ ১৪৩৩ / ২২ জুলাই ২০২৬

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:-**

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

**অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো:-**

০৫। জেলা প্রশাসক................................(সকল)।

০৬। পুলিশ সুপার, নীলফামারী।

০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নীলফামারী।

০৮। সিভিল সার্জন, নীলফামারী।

০৯। অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নীলফামারী।

১০। উপজেলা নির্বাহী অফিসার, সদর/ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ/সৈয়পদুর, নীলফামারী (নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রকাশের জন্য)

১১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নীলফামারী।

১২। প্রশাসক, নীলফামারী/সৈয়দপুর/জলঢাকা/ডোমার পৌরসভা, নীলফামারী।

১৩। ................................................................................।

১৪। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১৫। জেলা তথ্য অফিসার, নীলফামারী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)

১৬। চেয়ারম্যান,...........................................................ইউনিয়ন পরিষদ (সকল), নীলফামারী।

১৭। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক দিনকাল, ৪৪১/১, তেজগাঁও, শিল্প এলাকা, ঢাকা-১২০৮

১৮। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, The Daily Star-64-65, Kazi Nazrul Islam Avenue,Karwan-Bazar, Dhaka-1215

(৩ কলামে ১২ ইঞ্চি সাইজে আগামী ২৬ জুলাই ২০২৬ তারিখের পূর্বে ১ (এক) দিনের জন্য সাদা কালো পৃষ্ঠায় প্রকাশের অনুরোধসহ)

১৯। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, নীলফামারী বার্তা, নীলফামারী।

জেলা প্রশাসক
নীলফামারী